গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী ।
www.goalanda.rajbari.gov.bd

**ঐতিহাসিক ৭ই মার্চ দিবস -২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ জাকির হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ ।
তারিখ : ২৮ ফেব্রুয়ারি,২০২৩
সময় : সকাল ১১:০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট ‘ক’

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে সভার কাজ শুরু করা হয়। অত:পর ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কার্যবিবরণী ও গৃহীত কর্মসূচিসমূহ সভায় পাঠ করে শুনানো হয়। ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সুচিন্তিত মতামত ও সুপারিশ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়।

২। উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের মতামত এবং সুপারিশের প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনান্তে গোয়ালন্দ উপজেলায় ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২৩ যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| তারিখ | সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬.০৩.২০২৩ | সকাল ১০.০০-১২.০০ টা | (ক) ১ম ও ৩য় শ্রেণীর ছাত্র-ছাত্রীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা<br>(খ) ৪র্থ ও ৫ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের হৃদয়ে বঙ্গবন্ধুর উপর চিত্রাঙ্কন প্রতিযোগিতা<br>(গ) ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের অসমাপ্ত আত্নজীবনী বইয়ের উপর কুইজ প্রতিযোগিতা<br>(ঘ) ৯ম ও ১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের অসমাপ্ত আত্নজীবনী বইয়ের উপর উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা<br>(ঙ) একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের কারাগারের রোজনামচা বইয়ের উপর কুইজ প্রতিযোগিতা | উপজেলা পরিষদ সভাকক্ষ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৭.০৩.২০২৩ | সূর্যোদয়ের সাথে সাথে | ফ্লাগ রুলস অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন | সরকারি, বে-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষাপ্রতিষ্ঠান, বে-সরকারি ভবন, দোকান মালিকগণ, বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ভবন মালিকগণ |
| | সকাল ৯.০০ টা | বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ | উপজেলা পরিষদ চত্বর | সংশ্লিষ্ট উপকমিটি |
| | সকাল ৯.৩০ টা | ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রদর্শন, মূল প্রবন্ধ উপস্থাপন,আলোচনা সভা ও পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান | উপজেলা পরিষদ সভাকক্ষ | মূল প্রবন্ধ উপস্থাপন করবেন জনাব নির্মল কুমার চক্রবর্তী, অবসরপ্রাপ্ত শিক্ষক। |

১। পুরাতন/ছেড়া, ময়লাযুক্ত, রংচটা কিংবা অপরিপাটি জাতীয় পতাকা কিংবা কোন লাঠিতে জাতীয় পতাকা উত্তোলন না করে সঠিক মাপের সরল দন্ডের সাথে ফ্লাগ রুলস অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলনের জন্য সকল কর্মকর্তা ও বে-সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও ভবন মালিকগণকে অনুরোধ জানানো হয়।

২। জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে প্রতিটি ইউনিয়ন পরিষদে দিবসটি উদযাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), ওজোপাডিকো লিঃ, গোয়ালন্দ, রাজবাড়ী গোয়ালন্দ উপজেলায় ০৭.০৩.২০২৩ তারিখ সকাল থেকে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সচল রাখার জন্য অনুরোধ জানানো হয়।

৪। বঙ্গবন্ধুর প্রতিকৃতিসহ বর্ণিত অনুষ্ঠানের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার স্বার্থে যথাস্থানে পুলিশ ফোর্স/আনসার ভিডিপি বাহিনী মোতায়েনসহ নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ় করার লক্ষ্যে নিরাপত্তা উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। গোয়ালন্দ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযথ মর্যাদার সাথে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়।

৬। বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টরী প্রদর্শনীর জন্য সহকারী প্রোগ্রামার, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়।

৭। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের সময় এবং অর্পণকৃত পুষ্পস্তবক সংরক্ষণের নিমিত্ত সার্বক্ষনিক পুলিশ ফোর্স মোতায়নের জন্য অফিসার ইনচার্জ, গোয়ালন্দঘাট থানা, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়।

৮। সাংস্কৃতিক অনুষ্ঠানে দেশাত্ববোধক গান পরিবেশনের ব্যবস্থা গ্রহণের জন্য সাধারণ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমি, গোয়ালন্দ, রাজবাড়ীকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০২/২০২৩

(মোঃ জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী।
ফোন : ০২-৪৭৭৭৯৮১৯৯

নম্বর: ০৫.৪১.৮২২৯.০০০.১৮.১৩৪.২৩-১৪৯/১(৮) তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯ / ২৮ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৩। মেয়র, গোয়ালন্দ পৌরসভা, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৪। জনাব বিপ্লব ঘোষ, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৫। অফিসার ইনচার্জ, গোয়ালন্দঘাট থানা, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৭। উপজেলা.................................কর্মকর্তা/অফিসার ইন-চার্জ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৮। চেয়ারম্যান, .........................ইউনিয়ন পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৯। জনাব......................................................................গোয়ালন্দ, রাজবাড়ী।
১০। অফিস কপি।

২৮/০২/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী